

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -২ শাখা

Personal Information Management System (PIMS) ওয়েব অ্যাপ্লিকেশনে কর্মকর্তাদের এন্ট্রিকৃত প্রোফাইল/ পিডিএস যাচাই-বাছাইয়ের নিমিত্ত গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	দেবদুলাল ভট্টাচার্য যুগ্মসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি
সভার তারিখ	২৯-০২-২০২৪
সভার সময়	দুপুর ২.০০ ঘটিকা
স্থান	রুক-বি, সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

সভাপতি শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ১ম শ্রেণির (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) কর্মকর্তা এবং এ বিভাগের আইসিটি ও হিসাব শাখার ১ম শ্রেণির কর্মকর্তাদের নিয়োগ, পদায়ন, ছুটি, অবসর, পেনশন ও আনুতোষিক এবং অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বর্ণিত কর্মকর্তাগণদের কর্মজীবন বৃত্তান্ত সংরক্ষণের জন্য Personal Information Management System (PIMS) প্রস্তুত করা হয়েছে যা অত্যন্ত গুরুত্ব বহন করে। তিনি এ পর্যায়ে জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে সভার উদ্দেশ্য সম্পর্কে সকলের সামনে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন PIMS ওয়েব অ্যাপ্লিকেশন-এ এন্ট্রিকৃত কর্মকর্তাগণদের পিডিএসসমূহ যাচাই-বাছাই এর নিমিত্ত এই কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে তিনি কমিটির কার্যপরিধিসমূহ সভায় উপস্থাপন করেন। কার্যপরিধির আলোকে PIMS ওয়েব অ্যাপ্লিকেশন-এ এন্ট্রিকৃত কর্মকর্তাগণদের পিডিএসসমূহ যাচাই-বাছাই কার্যক্রম প্রক্রিয়া বিষয়ে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত সকল সদস্যগণদের অনুরোধ জানান।

০৩। এ পর্যায়ে সভাপতি বলেন যেসকল কর্মকর্তা এখনো পিডিএস দাখিল করেননি তাদের দ্রুততম সময়ের মধ্যে পিডিএস দাখিলের জন্য তাগিদ দিতে হবে। তিনি আরো বলেন যেহেতু PIMS সফটওয়্যারে আপলোডকৃত তথ্যের সাথে প্রশাসন-১ শাখায় সংরক্ষিত সংশ্লিষ্ট ফাইলের তথ্য যাচাই করা হবে তাই এক্ষেত্রে এ বিভাগের প্রশাসন-১ শাখার সহযোগীতার প্রয়োজন হবে। এপর্যায়ে জনাব এইচ, এম, ফিরোজ, পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং বলেন যেহেতু কর্মকর্তাগণ কর্তৃক PIMS সফটওয়্যারে আপলোডকৃত তথ্য প্রশাসন-১ শাখায় সংরক্ষিত সংশ্লিষ্ট ফাইলের তথ্যের সাথে যাচাই করা হবে তাই কার্যক্রমটি সম্পন্ন করতে অনেক সময়ের প্রয়োজন হবে। তাই আপলোডকৃত তথ্য হতে অতি গুরুত্বপূর্ণ তথ্যসমূহ যাচাই করা যেতে পারে। এক্ষেত্রে সভাপতি মহোদয় বলেন যেহেতু সকল তথ্যের যাচাই বাছাই কার্যক্রমটি দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে তাই জনাব যতন কুমার সাহা, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং জনাব মুঃ ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে উক্ত কমিটিতে কো-অপ্ট করা যেতে পারে। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

০৪। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) যেসকল কর্মকর্তা PIMS ওয়েব অ্যাপ্লিকেশনে পিডিএস এখনো দাখিল করেননি তাদের দ্রুততম সময়ের মধ্যে পিডিএস দাখিলের জন্য তাগিদ দিতে হবে।

(খ) PIMS ওয়েব অ্যাপ্লিকেশন-এ এন্ট্রিকৃত কর্মকর্তাগণদের পিডিএসসমূহ যাচাই-বাছাই কার্যক্রম প্রক্রিয়া সম্পন্ন করার জন্য এ বিভাগের প্রশাসন-১ অধিশাখা কর্তৃক প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।

(গ) জনাব যতন কুমার সাহা, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং জনাব মুঃ ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে উক্ত কমিটিতে কো-অপ্ট করা হলো।

০৫। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



দেবদুলাল ভট্টাচার্য

যুগ্মসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং
আইসিটি


স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.১৮.০০১.২৩.২৪

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০

০৬ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিস্টেম এনালিস্ট, জিআইএস ও জিওকোড (GIS and GEOCODE) সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উইং, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৭) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) প্রোগ্রামার (সংযুক্তি), আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার